

# জীবন বৃত্তান্ত



জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম এর জন্ম ১৪ সেপ্টেম্বর ১৯৮২ সালে গাজীপুর জেলায়। তাঁর পিতা মরহুম মোঃ শাহজাহান মিয়া ছিলেন ভাওয়াল বদরে আলম সরকারী কলেজের সাবেক অধ্যক্ষ ও মাতা শিরিন আক্তার একজন গৃহিণী। তিনি রাণী বিলাসমনি সরকারি বালক উচ্চ বিদ্যালয় হতে এস.এস.সি এবং ভাওয়াল বদরে আলম সরকারী কলেজ হতে এইচ.এস.সি. সম্পন্ন করে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ (এআইইউবি) থেকে কম্পিউটার সায়েন্সে স্নাতক ও ইন্সটিটিউট বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি MCAD (Microsoft Certified Application Developer), MCP (Microsoft Certified Professional) ও ITIL (ITIL® Foundation Certificate in IT Service Management) এ Professional Certification অর্জন করেন।

তিনি ২২ জানুয়ারী, ২০০৫ তারিখে প্যান্ডোরা অ্যাসোসিয়েটস লিমিটেডে প্রোগ্রামার হিসেবে চাকুরী জীবন শুরু করেন। চাকুরী জীবনে তিনি ৭ বছরের অধিক সময় বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের UNDP Bangladesh এর ইলেক্ট্রাল প্রকল্পে কনসালটেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন এবং ২ বছরের অধিক সময় icddr,b তে সিনিয়র প্রোগ্রামার হিসেবে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে কাজ করেন। এছাড়াও তিনি বিভিন্ন প্রতিষ্ঠান যেমন কনকর্ড গ্রুপ অব কোম্পানি, বাংলাদেশ ডেভেলপমেন্ট গ্রুপ এবং আনানাশ আইটি অ্যান্ড সলিউশনস লিমিটেডে সফটওয়্যার ইঞ্জিনিয়ার ও প্রোগ্রামার হিসেবে দায়িত্ব পালন করেন। তার ১৩ বছরের চাকুরী জীবনের অভিজ্ঞতায় তিনি বিভিন্ন সিস্টেমস বিশ্লেষণ, ডিজাইন, ডেভেলপমেন্ট এবং সফটওয়্যার অ্যাপ্লিকেশনের বাস্তবায়নের সাথে কাজ করেছেন। তিনি নিকস ডেভেলপমেন্ট টিমের সাথে কাজ করেন যা Digital Innovation Fair 2010 (Category: Capacity development in e-Governance) ও Manthan Award (India) 2011 এ E-Localization Category তে পুরস্কার অর্জন করে। এছাড়াও তিনি Voter Registration System, Election Management System, স্বাস্থ্য অধিদপ্তরের National Health Data warehouse and Dashboard, Real-time Health Bulletin সহ বিভিন্ন Business Solutions ডেভেলপমেন্টের সাথে কাজ করেছেন। তিনি গত ০৫ ডিসেম্বর ২০১৭ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে সিস্টেমস এনালিস্ট হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি ২০১৬ সালে icddr,b তে কর্মরত অবস্থায় “DHIS2 Information Use Academy” এর উপর ৫ দিনের কর্মশালায় অংশগ্রহণ করার জন্য ভারতে ভ্রমণ করেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত। তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক।